

## একজন সরকারি কর্মচারীর চাকুরী হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের নিয়মাবলি

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর যে ধারার প্রেক্ষিতে একজন সরকারি কর্মচারী চাকুরী হইতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে পারেন তাহা নিম্নরূপ :

**ধারা-৯। ঐচ্ছিক অবসর।-** (১) চাকুরীর মেয়াদ পঁচিশ বৎসর পূর্ণ হওয়ার পর যে কোনাে সময় একজন গণ কর্মচারী অবসর গ্রহণের অভিপ্রায়কৃত তারিখের কমপক্ষে ত্রিশ দিন পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত নােটিশ প্রদানপূর্বক চাকুরী হইতে অবসর গ্রহণের অভিপ্রায় ব্যক্ত করিতে পরিবেন। তবে শর্ত থাকে যে, এই ব্যক্তকৃত অভিপ্রায় চূড়ান্ত হিসাবে গণ্য হইবে এবং তাহা সংশোধন বা প্রত্যাহারের অনুমতি দেওয়া যাইবে না।

(২) চাকুরীর মেয়াদ পঁচিশ বৎসর পূর্ণ হইবার পর যে কোনাে সময়, সরকার জনস্বার্থে প্রয়োজন মনে করিলে, কোনােরূপ কারণ দর্শনাে ব্যতীত যেকোনাে গণ কর্মচারীকে চাকুরী হইতে অবসর প্রদান করিতে পারিবে। গণকর্মচারী(অবসর) বিধিমালা, ১৯৭৫ এর বিধি-৯ এর বিধানমতে কোনাে গণকর্মচারী স্বেচ্ছায় চাকুরী হইতে অবসর গ্রহণের ক্ষেত্রে অবসর-উত্তর ছুটি ভােগের ইচ্ছা প্রকাশ করিলে প্রাপ্যতা সাপেক্ষে অবসর-উত্তর ছুটি প্রাপ্য হইবেন, যদি অবসরের আবেদনে নিম্নবর্ণিত বিষয়গুলির উল্লেখ থাকে-

(এ) তিনি যে তারিখ হইতে ছুটি ভােগ করিতে আগ্রহী তাহার কমপক্ষে ত্রিশদিন পূর্বে দাখিল করেন;

(বি) যে তারিখ হইতে ছুটিতে যাইতে ইচ্ছুক তাহা নির্দিষ্টভাবে উল্লেখ করেন,

(সি) যে সময় কালের জন্য ছুটির আবেদন করা হইয়াছে তাহা নির্দিষ্টভাবে করেন; এবং

(ডি) অনুরূপ ছুটির প্রাপ্যতা সম্পর্কে হিসাব মহা নিয়ন্ত্রকের পর করেন।